



বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন

Bangladesh Petroleum Corporation

সূত্র নং- ২৮.০৩.০০০০.০২৩.২০.০৪৬.২০/২৪৫

তারিখ: ১১/০৪/২০২১ খ্রিঃ।

বিষয়: বিপিসি'তে ডেপুটেশনে কর্মরত কোম্পানীসমূহের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাসহ অন্যান্য ব্যয় বহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিপিসি'র অঙ্গপ্রতিষ্ঠানসমূহের ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত এবং ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট গত ২৩/০৩/২০২১ তারিখে সংস্থার বোর্ড সভায় অনুমোদিত হয়। এ সভায় বিপিসি'তে ডেপুটেশনে কর্মরত কোম্পানীসমূহের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাসহ অন্যান্য ব্যয় বহন প্রসঙ্গে সিদ্ধান্ত নিম্নরূপ:

“অর্থ মন্ত্রণালয়ের সভার নির্দেশনা মোতাবেক বিপিসি'তে ডেপুটেশনে কর্মরত কোম্পানীসমূহের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধাদি বাবদ কোন ব্যয় বিপিসি বহন করবে না এবং ভবিষ্যতে কোম্পানীসমূহ এ সংক্রান্ত কোন ডেবিট নোট বিপিসি'তে প্রেরণ করবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।”

২। এমতাবস্থায়, বিপিসি'তে ডেপুটেশনে কর্মরত কোম্পানীসমূহের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধাদি বাবদ কোন ব্যয় বিপিসি বহন করবে না এবং ভবিষ্যতে কোম্পানীসমূহ এ সংক্রান্ত কোন ডেবিট নোট বিপিসি'তে প্রেরণ করবে না মর্মে সংস্থার বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ০১লা জুলাই, ২০২০ হতে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এ টি এম সেলিম)

মহাব্যবস্থাপক (হিসাব)

১। ব্যবস্থাপনা পরিচালক

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড / পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড/

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড/মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড/

এলপি গ্যাস লিমিটেড/ ইস্টার্ন লুব্রিকেন্টস রেন্ডার্স লিঃ, চট্টগ্রাম।

২। উপ-মহাব্যবস্থাপক, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোঃ লিঃ, চট্টগ্রাম।

অনুলিপি:

✓ সচিব, বিপিসি।

২। ব্যবস্থাপক (হিসাব-হেডকোয়ার্টার), বিপিসি।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।

৪। পরিচালক (অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিপিসি।

৫। অফিস কপি।